

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
সরেজমিন বিভাগ, ঋণ শাখা
০৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৫০২.০১.২২৯.২০. ৩৫৮৩


তারিখ: ২৩/০৪/২০২৪ খ্রি.

বিষয়: জুন/২০২৪ মাসের মধ্যে বিআরডিবি'র সকল প্রকল্প/কর্মসূচির ঋণ বিতরণ ১০০% নিশ্চিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) বিভিন্ন প্রকল্প/কর্মসূচির আওতায় সুবিধাবঞ্চিত গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীকে আয়বর্ধনমূলক কর্মকাণ্ডে ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে আয় বৃদ্ধি এবং কৃষি উৎপাদন বৃদ্ধিপূর্বক দরিদ্র বিমোচন ও গ্রামীণ অর্থনৈতিক উন্নয়নে কার্যকর ভূমিকা রাখছে। বর্তমান অর্থবছরের প্রায় ১০ মাস অতিবাহিত হয়েছে। সে হিসেবে সকল প্রকল্প/কর্মসূচির বার্ষিক লক্ষ্যমাত্রার ৮৩% ঋণ বিতরণ হওয়ার কথা। কিন্তু বেশিরভাগ প্রকল্প/কর্মসূচির ক্ষেত্রে ঋণ বিতরণ কাঙ্ক্ষিত পরিমাণে অর্জিত হয়নি। লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ না হওয়ার জন্য ফেব্রুয়ারি/২০২৪ মাসের অভ্যন্তরীণ মাসিক ঋণ সমন্বয় সভায় মহাপরিচালক মহোদয় অসন্তোষ প্রকাশ করেন এবং সকল প্রকল্প/কর্মসূচি পরিচালক ও যুগ্মপরিচালকদের জুন/২০২৪ মাসের মধ্যে বিআরডিবি'র সকল প্রকল্প/কর্মসূচির ঋণ বিতরণ ১০০% নিশ্চিতকরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

এমতাবস্থায়, আগামী জুন/২০২৪ মাসের মধ্যে বিআরডিবি'র সকল প্রকল্প/কর্মসূচির ঋণ বিতরণ ১০০% নিশ্চিতকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।


ফারুক আহমেদ জোয়ার্দার
যুগ্মপরিচালক (সিসিএম)
ফোন: ৮১৮০০১৩

উপপরিচালক

বিআরডিবি.....জেলা (সকল)

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১) প্রকল্প/কর্মসূচি/নির্বাহী পরিচালক,.....বিআরডিবি, ঢাকা/রংপুর/গাইবান্ধা/ফরিদপুর।
- ২) যুগ্মপরিচালক (মউ/সম্প্রসারণ ও বিশেষ প্রকল্প), বিআরডিবি, ঢাকা।
- ৩) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪) মহাপরিচালকের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।